**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 23-06-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **News Editor : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**
**Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ –

<u>বিশেষ বিশেষ খবর -</u>

১) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে আজ ভোট গণনা।
# গত ১৯ তারিখ ওই কেন্দ্রে ভোট নেওয়া হয়।

২) বৃষ্টির পরিমাণ কিছুটা কমায়, দুর্গাপুর ব্যারেজ থেকে কমেছে জল ছাড়ার পরিমাণ।
# ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ নির্ধারিত সময়সীমা মেনে চলছে বলে জানিয়েছে রাজ্য সরকার।
# আগামী দু-তিনদিন রাজ্যের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

৩/ চাকরী ফেরতের দাবীতে আজ ধর্মতলায় মেট্রো চ্যানেলের সামনে ধর্নায় বসছেন চাকরীহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের একাংশ।

৪/ সত্তর-তম রাজ্য অ্যাথলেটিক্স প্রতিযোগিতা, গতকাল শেষ হয়েছে।

*********************************************************************

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনে আজ ভোট গণনা।
পানিঘাটা উচ্চ বিদ্যালয়ে গণনা শুরু হবে সকাল আটটা থেকে।
একটি প্রতিবেদন- ( ভিসি- অনুপম )
উল্লেখ্য, গত ১৯তারিখ ওই কেন্দ্রে ভোট নেওয়া হয়।

********************

বৃষ্টির পরিমাণ কিছুটা কমায় দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমান আরো কমেছে। আজ সকালে ৪৫ হাজার কিউসেকের একটু বেশী জল ছাড়া হয়। পরবর্তী পর্যায়ে এই পরিমাণ আরো কমবে বলে জানা গেছে।

রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম গতকাল হুগলির খানাকুল ও বালিপুরে জলমগ্ন এলাকাগুলির পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখেন। DVC-র জলাধারগুলি থেকে জল ছাড়ার ফলেই ওই এলাকাগুলিতে জলমগ্ন পরিস্থিতি তৈরি হয়েছে বলে অভিযোগ করেছেন তিনি। জলমগ্ন এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলেন মন্ত্রী। রাজ্য সরকারের তরফ থেকে তাদের পাশে থাকার আশ্বাসও দেওয়া হয়।

অন্যদিকে, ঘাটাল মহকুমার ১৮টি গ্রাম পঞ্চায়েত জলমগ্ন। ধীরে ধীরে জল নামলেও ঘাটাল শহরের অনেক ওয়ার্ডে জল রয়েছে। সেচমন্ত্রী ডাঃ মানস ভুঁইঞ্যার নেতৃত্বে গতকাল একটি দল এলাকায় পরিদর্শনের পর সদর মহকুমা শাসক সুমন বিশ্বাসের সঙ্গে জরুরি বৈঠক করেন। পরিস্থিতি খতিয়ে দেখার পাশাপাশি বর্তমান অবস্থা পর্যালোচনা করা হয়েছে। রাজ্য সরকার সবরকমের সহায়তা করছে বলে সেচ মন্ত্রী জানিয়েছেন। ( বাইট- মানস ভুঁইঞ্যা )

********************

ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ নির্ধারিত সময়সীমা মেনেই চলছে বলে রাজ্য সরকার জানিয়েছে। এ প্রসঙ্গে প্রাক্তন সাংসদ লকেট চ্যাটার্জীর তোলা অভিযোগ খারিজ করে দিয়ে রাজ্যের সেচ ও জলপথ দফতর এক বিবৃতি জারি করেছে।
এতে বলা হয়েছে, মুখ্যমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী প্রকল্পের প্রতিটি ধাপের কাজ এগিয়ে চলেছে পরিকল্পনা অনুযায়ী। ২০২৫-২৬ অর্থবর্ষে শুরু হওয়া এই প্রকল্প আগামী দুই

বছরের মধ্যে সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা অপরিবর্তিত রয়েছে। চলতি অর্থবর্ষে ৫০০ কোটি টাকা বরাদ্দ হয়েছে। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এই প্রকল্পের বঞ্চনার অভিযোগ তুলেছে সেচ দফতর। বিবৃতিতে আরো বলা হয়েছে যে, ২০1৪ সালেই এই প্রকল্পের জন্য গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের কাছে ১ হাজার ২১২ কোটি টাকার প্রস্তাব পাঠানো হয়েছিল। কেন্দ্রীয় অনুমোদন এলেও এই প্রকল্পে কোন অর্থ বরাদ্দ করা হয়নি। ফলে রাজ্য সরকার নিজস্ব তহবিল থেকেই প্রকল্প বাস্তবায়নে উদ্যোগী হয়েছে।

ঘাটালের তৃণমূল সাংসদ তথা অভিনেতা দেবও সমাজ মাধ্যমে জানিয়েছেন, রাজ্যে সরকারের উদ্যোগে ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ পরিকল্পনা মতই এগোচ্ছে। তিনি জানান, বন্যা দুর্গত মানুষের অভিমান যথারীতি জনপ্রতিনিধিদের উপরেই হবে। তবে এই দুর্যোগের সময় সরকার এবং প্রশাসন মানুষের পাশে আছে বলে দাবি করেন তিনি।

*******************

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে আগামী দু-তিন দিন রাজ্যের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

আগামী ২৫ তারিখ গাঙ্গেয় পশ্চিমবঙ্গে একটি ঘূর্ণাবর্ত তৈরি হতে পারে বলেও তিনি জানান।

(বাইট- সোমনাথ দত্ত)

*******************

২৫ শে জুন দেশজুড়ে পালিত হবে সংবিধান হত্যা দিবস। ভারতে শেষ জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল ২৫শে জুন, ১৯৭৫ থেকে ২১শে মার্চ, ১৯৭৭ পর্যন্ত । এর কারণ হিসেবে অভ্যন্তরীণ গোলযোগকে তুলে ধরা হয়। যদিও পরবর্তীকালে এই জরুরি অবস্থা ঘোষণাকে কেন্দ্র করে নানা মহলে তৈরি হয় বিতর্ক।

এই বছর কেন্দ্রীয় সরকার ১৯৭৫ সালের এই জরুরি অবস্থা ঘোষণাকে ‘সংবিধান হত্যা দিবস’ হিসেবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে। বিষয়টি নিয়ে আমরা হাজির হয়েছিলাম বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনের কাছে।

‘ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কোড়িকোড়’-এর অবসরপ্রাপ্ত অধ্যাপক কৌশিক গঙ্গোপাধ্যায় এই প্রসঙ্গে বলেন, ভারতীয় সংস্কৃতির মূল সুরই হল বহুত্ববাদ। এই জরুরি অবস্থার ঘোষণা ছিল একক, সংবিধান বিরোধী ও স্বৈরাচারী সিদ্ধান্ত।

( বাইট কৌশিক গঙ্গোপাধ্যায়/ IIM )

********************

উত্তর ২৪ পরগনার গাইঘাটায় বিজেপি গতকাল তিরঙ্গা যাত্রা করে। শিমূলপুর ষষ্ঠীতলা থেকে মিছিল শুরু হয়ে ঠাকুরনগর বয়েজ স্কুল পর্যন্ত যায়।

উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি বলেন, বিজেপি ক্ষমতায় এলে রাজ্যে অনুপ্রবেশকারী চিহ্নিত করা হবে।

********************

উত্তর ২৪ পরগনার বারাসাতের পীরগাছায়, গোডাউনে অগ্নিকান্ডের পর গতকাল সেখানে যায় প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃতাধীন একটি প্রতিনিধি দল। কথা বলেন দমকলের আধিকারিকদের সঙ্গে। ক্ষতিগ্রস্ত কয়েকটি বাড়ির মেরামত এবং পরিবারগুলিকে সাহায্য করার দাবী জানান শুভঙ্কর বাবু।

তৃণমূল কংগ্রেসের আমলে সারা রাজ্য যতুগৃহে পরিণত হয়েছে বলে অভিযোগ করেন তিনি।

********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৭ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

********************

চাকরি ফেরতের দাবিতে আজ ধর্মতলায় মেট্রো চ্যানেলের সামনে ধর্নায় বসছেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের একাংশ। আন্দোলনকারীদের তরফে সুমন বিশ্বাস বলেন, যোগ্য হয়েও যাঁরা চাকরি হারিয়েছেন, তাঁরা বঞ্চনার শিকার। এই কর্মসূচির মাধ্যমে চাকরি ফেরানো এবং নিয়োগ পরীক্ষার বিজ্ঞপ্তি বাতিলের দাবি জানানো হবে।

এর আগে চাকরি ফেরানোর দাবিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করতে চেয়ে তাঁকে চিঠি পাঠান চাকরিহারা যোগ্য শিক্ষকরা। চিঠিতে তাঁরা ছ'দফা দাবি জানিয়েছেন। যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের মূল দাবি, সুপ্রিম কোর্টে রিভিউ পিটিশনের ফলাফল কী হয়, তা না দেখে নতুন পরীক্ষার আবেদন জমা নেওয়া চলবে না। রিভিউ পিটিশনের ক্ষেত্রেও সরকারকে সক্রিয়তা দেখাতে হবে। এছাড়াও অযোগ্যদের সার্টিফায়েড তালিকা, ২০১৬-র OMR শিটের মিরর ইমেজ প্রকাশ এবং আইনসঙ্গতভাবে রি-প্যানেলের মাধ্যমে চাকরি ফেরানোর ব্যবস্থা করারও দাবি জানান তাঁরা।

********************

শিলিগুড়ির হিলকার্ট রোডের একটি সোনার দোকানে ডাকাতির ঘটনায় দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল সাত জনের একটি দল জনবহুল এলাকায় অবস্থিতি সোনার দোকানে ঢুকে পড়ে। প্রায় কোটি টাকার গহনা ও মূল্যবান সামগ্রী নিয়ে চম্পট দেয় তারা। ডাকাতির খবর পেয়ে সেখানে যান মেয়র গৌতম দেব।

********************

রক্ষণাবেক্ষণের কাজের জন্য দক্ষিণ-পূর্ব রেলের আদ্রা ডিভিশনে আগামী রবিবার পর্যন্ত সপ্তাহব্যাপী একাধিক ট্রেন বাতিল ও নিয়ন্ত্রণ করা হবে ।

আদ্রা–আসানসোল মেমু প্যাসেঞ্জার ২৩, ২৪, ২৬ ও ২৮ জুন বাতিল থাকবে। ঝাড়গ্রাম–ধানবাদ মেমু এক্সপ্রেস ২৩ ও ২৫ তারিখে বাতিল থাকছে। এছাড়াও টাটানগর–আসানসোল–বরাভূম প্যাসেঞ্জার ২৪ ও ২৮ তারিখে আদ্রা স্টেশনে যাত্রা শেষ ও শুরু করবে। এই সময়ে আদ্রা–আসানসোল রুটে পরিষেবা বাতিল থাকবে। খড়গপুর–হাটিয়া এক্সপ্রেস চলতি মাসের ২৩, ২৬ ও ২৭ তারিখে খড়গপুর থেকে ২ ঘণ্টা দেরিতে ছাড়বে।

অন্যদিকে হাতিয়া–খড়্গপুর এক্সপ্রেস ২৪, ২৫, ২৮ ও ২৯ তারিখে হাটিয়া থেকে ২ ঘণ্টা দেরিতে ছাড়বে।

********************

প্রবাদ প্রতিম সুরকার ভি বালসারার ১০৩-তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে কলকাতা বিশ্ব বিদ্যালয়ের ইন্সটিটিউট হলে গতকাল এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপস্থিতি ছিলেন প্রবীণ সঙ্গীত শিল্পী শ্রীকুমার চট্টোপাধ্যায় সহ অনেক বিশিষ্ট মানুষজন।

ভি বালসারার স্মৃতি রক্ষায় একটি মিউজিয়াম তৈরীর'ও প্রস্তাব রাখা হয়।

********************

সত্তর-তম রাজ্য অ্যাথলেটিক্স প্রতিযোগিতা, গতকাল সল্টলেকের সাই ও যুবভারতী ক্রীড়াঙ্গণে শেষ হয়েছে।

তিনদিনের এই প্রতিযোগিতায় সার্বিকভাবে চ্যাম্পিয়ান- ইস্টবেঙ্গল।

রানার্স আপ হয়েছে মোহনবাগান ক্লাব।

********************

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগ আগামী বুধবার শুরু হবে।

কিংবদন্তি ফুটবলার ও প্রশিক্ষক প্রয়াত পি কে ব্যানার্জীর নামে এবারের প্রিমিয়ার লিগ উৎসর্গ করার সিদ্ধান্ত নিয়েছে আইএফএ।

******************************************************************